দৈনিক সংবাদ

তারিখ ........................
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২

JUL 21 200[illegible]

# উল্লাপাড়ার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের হিড়িক পড়েছে

উল্লাপাড়া (সিরাজগঞ্জ) থেকে সংবাদদাতা ঃ বেসরকারি হাইস্কুল, কলেজ এবং মাদ্রাসার শিক্ষক নিয়োগ সহসাই পাবলিক সার্ভিস কমিশনের হাতে যাচ্ছে—এ আশঙ্কায় উল্লাপাড়ার বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে শিক্ষক নিয়োগের হিড়িক পড়ে গেছে।

এ জন্য আঞ্চলিক দৈনিক পত্রিকাগুলোতে প্রতিদিন প্রচুর পরিমাণ শিক্ষক নিয়োগের বিজ্ঞাপন দেখা যাচ্ছে। সম্প্রতি অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষা-পূর্ববর্তী এক সাংবাদিক সম্মেলনে শিক্ষা প্রতিমন্ত্রী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক নিয়োগ পাবলিক সার্ভিস কমিশনের হাতে দেয়া হবে বলে জানান। এর পরপরই বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি নতুন এ নিয়োগের জন্য তৎপর হয়ে ওঠে।

যেসব শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকের পদ শূন্য ছিল তারা দ্রুত শূন্য পদে নিয়োগ শুরু করে। এমনকি যেসব শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকের কোন শূন্যপদ নেই, সেসব প্রতিষ্ঠানেও শিক্ষক কাঠামোর অতিরিক্ত শিক্ষক নিয়োগের জন্য তৎপর হয়ে উঠে।

বর্তমানে হাই স্কুল-কলেজের শিক্ষক নিয়োগের জন্য ম্যানেজিং কমিটির ৭০ হাজার টাকা থেকে ১ লাখ টাকা গ্রহণের ব্যাপারটি এখন ওপেন-সিক্রেট। অন্যদিকে মাদ্রাসার শিক্ষক নিয়োগের জন্য টাকার অঙ্ক লাখ টাকা ছাড়িয়ে গেছে।